কে

# বড়মাপের প্রত্যাশা

## আপনার সন্তানের ভবিষ্যতের জন্য সহযোগী হওয়া

১

২

৩

৪

৫

৬

৭

৮

Department of Education

*Joel I. Klein, Chancellor*

# বড়মাপের স্কুলগুলো বড়মাপের প্রত্যাশা নিয়ে শুরু করে

প্রতিটি গ্রেডে প্রতিটি শিক্ষার্থীর কী জানা উচিত এবং কী করতে সমর্থ হতে হবে, শিক্ষার মান তার মূলসূত্র বর্ণনা করে। সব ছেলেমেয়ে পরের গ্রেডে উত্তীর্ণ হওয়ার – এবং, পরবর্তীতে, কলেজে সফলতালাভের, জীবিকা-অর্জনের এবং নিজেদের কম্যুনিটির একজন সৃষ্টিশীল সদস্য হওয়ার জন্য প্রস্তুত রয়েছে, এসব মান এই বিষয়গুলোই নিশ্চিত করে থাকে। ছেলেমেয়েদের উচিত নিজেদের মাঝে সেই লেখাপড়ার প্রতি ভালোবাসা তৈরি করা যা বর্তমান বিশ্বে, যেখানে গুরত্বপূর্ণ তথ্য দ্রুত পরিবর্তিত হয় ও বৃদ্ধি পায়, তাদের প্রয়োজনে আসবে।

প্রতিযোগিতাপূর্ণ বিশ্ব অর্থনীতিতে কাজ সন্ধান করার এবং দ্রুত পরিবর্তনশীল বিশ্বে কার্যকর হওয়ার জন্য আমাদের ছেলেমেয়েদের অতীতের যেকোন সময়ের চেয়ে বেশি জানতে হবে। যেসব স্নাতক চারবছরের কলেজে ভর্তি হতে চায় এটি তাদের ক্ষেত্রে সত্যি; এটি একইভাবে সত্যি সেসব শিক্ষার্থীর জন্যও যারা হাই স্কুল থেকে বেরিয়েই পেশাজীবন শুরু করতে চায়।

আমরা নিউ ইয়র্ক স্টেটের যেসব মানদণ্ড ব্যবহার করে থাকি সেগুলো আমাদের শিক্ষার্থীদের একটি কঠোর পাঠক্রম প্রদান করে। এর উদ্দেশ্য শিক্ষার্থীদের আধুনিক বিশ্বের চ্যালেঞ্জ মোকাবেলা করা উপযোগী সৃজনশীলতা, সূক্ষ্ম চিন্তাশক্তির দক্ষতা ও সমস্যাসমাধানের সামর্থ্য লাভ নিশ্চিত করা। তবে এসব মান একটি প্রারম্ভিক বিন্দুমাত্র, লক্ষ্য নয়। জ্ঞানের একটি সুদৃঢ় ভিত্তি লাভ করে এবং সেই ভিত্তির উপর প্রতিষ্ঠিত হয়ে আমাদের শিক্ষার্থীরা তাদের শিক্ষার সর্বাধিক সুফল অর্জন করবে।

***এখানে আপনারা প্রথম গ্রেডের শিক্ষার্থীদের স্কুলবছরের শেষে ভাষা শৈলী, অঙ্ক, সমাজপাঠ, এবং বিজ্ঞানে কী জানা থাকা উচিত এবং কী করতে সমর্থ হতে হবে তার উদাহরণ পাবেন। পরিবার হিসাবে শিক্ষাক্ষেত্রে আপনি বাড়িতে, নিজের এলাকায় এবং আমাদের এই চমৎকার সিটির সর্বত্র কোন ধরনের সহায়তা দিতে পারেন সেকথাও আপনি জানবেন।***

এই নির্দেশিকা প্রথম গ্রেডে অনুসৃত মাপকাঠির ক্ষুদ্র একটি নমুনামাত্র উপস্থাপিত করে। বাকি আদর্শগুলোর খবর কী? সে ১ম গ্রেড বা তার পরে কী শিখবে? এই প্রশ্নগুলোর সবকটির উত্তরই আপনি পাবেন আাপনার সন্তানের শিক্ষকের কাছে অথবা আমাদের www.nyc.gov/schools/languages/bengali/academics ওয়েবসাইটে।

## *অধ্যয়নের সুঅভ্যাস*

অধ্যয়নের সুঅভ্যাস গড়ে তোলায় আপনার সন্তানকে সাহায্য করার জন্য:

- ❏ হোমওয়ার্ক করার জন্য বাড়িতে একটি নিরিবিলি জায়গা ঠিক করুন।
- ❏ আপনার সন্তানকে সংগঠিত হতে সাহায্য করুন।
- ❏ হোমওয়ার্কের জন্য একটি নিয়মিত সময়সূচি প্রণয়ন করুন।
- ❏ নিশ্চিত করুন যে আপনার সন্তান শিক্ষকের হোমওয়ার্কের নীতিমালা সম্পর্কে জানে।

অন্যান্য চিন্তা-চেতনার জন্য দেখুন www.nyc.gov/schools/languages/bengali/academics

## *প্রতিবন্ধী শিক্ষার্থী:*

*শিক্ষার্থীর ব্যক্তিক শিক্ষা কর্মসূচি (আইইপি)-তে যদি সুনির্দিষ্টভাবে কোনকিছু উল্লিখিত না থাকে, প্রতিবন্ধী শিক্ষার্থীরা সাধারণ শিক্ষার পাঠক্রমে অংশ নেবে। এই পাঠক্রম ভিন্ন ভিন্ন নির্দেশনা-স্তর ও কাঠামো (যেমন সহযোগিতামূলক দলগত শিক্ষকতার ক্লাস বা স্ব-নিয়ন্ত্রিত বিশেষ শিক্ষার ক্লাস) অনুযায়ী অভিযোজিত করা যেতে পারে। মান পূরণে প্রতিবন্ধী শিক্ষার্থীদের সহায়তাদানে অভিযোজনার মধ্যে থাকতে পারে নির্দেশনা সহায়তা যেমন ক্যালকুলেটর ও ভিজ্যুয়াল এইডস, নতুন দক্ষতা শেখার জন্য বাড়তি সময় দেয়া, এবং অর্পিত দায়িত্বের দৈর্ঘ্য হ্রাস।*

# আপনার সন্তানের শিক্ষককে জিজ্ঞাসা করুন

আপনার সন্তান স্কুলে কী শিখছে এবং আপনি বাড়িতে কীভাবে এই শিক্ষাকে সহায়তা করতে পারেন, শিক্ষার মান আপনাকে সে সম্পর্কে শিক্ষকদের সাথে কথা বলার বিরাট সুযোগ এনে দেয়। আপনি যেসব প্রশ্ন করতে পারেন এখানে তার কিছু নমুনা এখানে দেয়া হল।

### *মান সম্পর্কে আরও জানার জন্য:*

- ❑ শিক্ষার্থীর এমন কিছু কাজের নমুনা আপনি কি আমাকে দেখাতে পারেন যেগুলো এই মান পূরণ করেছে ?
- ❑ এই মান সম্পর্কিত আমার সন্তানের কিছু কাজ কি আমি দেখতে পারি?
- ❑ স্কুলবছরের কোন সময়ে আমার সন্তান এই মান অর্জনের লক্ষ্যে কাজ করবে?
- ❑ আমার সন্তানকে এই মান পূরণে বা অতিক্রমে সাহায্য করার জন্য আপনারা স্কুলে কী কী কার্যক্রম বা উপকরণ ব্যবহার করছেন? কী কী ক্লাসওয়ার্ক এবং হোমওয়ার্ক দেবেন বলে আপনি আশা করেন?
- ❑ আমার সন্তানকে মান অর্জনে সাহায্য করার জন্য কী কী অনুশীলন আছে যা আমি আমার সন্তানের সঙ্গে করতে পারি?
- ❑ এই নির্দেশিকায় বর্ণিত মানের বাইরে এই বছর আমার সন্তান আরও কী শিখবে বলে প্রত্যাশা করা হয়?

### *আপনার সন্তান স্কুলে কেমন করছে তা জানার জন্য:*

- ❑ কোন কোন বিষয়ে আমার সন্তান গ্রেড স্তরে ঠিক ঠিক কাজ করছে? কোনো এলাকা আছে কি যেখানে তার উন্নতি প্রয়োজন?
- ❑ আমার সন্তান কি গ্রেড স্তরে পড়ছে? আমার সন্তান পড়তে পারে এমন কিছু বই কি আপনি আমাকে দেখাবেন?
- ❑ প্রতিদিন প্রতিটি বিষয়ে আমার সন্তান কতটুকু সময় ব্যয় করে?
- ❑ এই বিষয়গুলোতে আমার সন্তানকে বর্ষব্যাপী আপনি কীভাবে মূল্যায়ন করেন?

### *আপনার সন্তানকে কীভাবে সহায়তা দিতে হয় তা জানার জন্য:*

- ❑ আমার সন্তান কেমন করছে, তা হালনাগাদ জানার জন্য প্রতিবেদনপত্র ব্যতীত আর কী কী সেরা পথ রয়েছে?
- ❑ আপনার সন্তান যদি গ্রেডস্তর অর্জন না করে থাকে: আমার সন্তানের জন্য স্কুল কী ধরনের সহায়তা দিতে সমর্থ? আমার সন্তান যেন স্কুলে আরও ভালো করে তার জন্য সহায়তা দিতে বাড়িতে আমি কী করতে পারি?
- ❑ আপনার সন্তান যদি গ্রেডস্তর বা তার চেয়ে উপরে অবস্থান করে: আমার সন্তানের জন্য আপনি কী ধরনের অতিরিক্ত মানোন্নয়ন এবং সহায়তার পরামর্শ দেন? বাড়িতে আমি কীভাবে সহায়তা করতে পারি?

# ১

# ভাষা শৈলী

## স্কুলবছরের শেষে সকল শিক্ষার্থী সমর্থ হবে:

- গ্রেড পর্যায়ের শব্দ অনুধাবনে শব্দমূল, যৌগিক শব্দ,উপসর্গ,প্রকৃতি ও প্রত্যয়, এবং বহুবচনের পাঠোদ্ধারে নিজেদের জ্ঞান ব্যবহারে সক্ষম হবে।
- সমজাতীয় সাধারণ শব্দ পড়বে (স্যাট, ক্যাট, ম্যাট ইত্যাদি)
- গ্রেড স্তরের পাঠ্য বিষয় যথাযথ গতি, যাথার্থ্য ও অভিব্যক্তি সহকারে পাঠ করবে।
- নতুন গ্রেড-স্তরের শব্দরাশি শেখার জন্য বিপরীতার্থক, সমার্থক, এবং সমোচ্চারিত ও বিভিন্ন শ্রেণির শব্দ (যেমন পশুপাখি ও স্থানের নাম) অধ্যয়ন করবে।
- তারা যা পড়েছে তা বিভিন্নভাবে লিখতে পারবে: চরিত্র,পটভূমি ও ঘটনা বর্ণনার ক্ষেত্রে; একটি গল্পের পর্যায়ক্রমিক ঘটনার তালিকা তৈরি করতে; তাদের জানা শব্দগুলো ব্যবহার করে গল্পটিকে পুনরায় বলতে; একটি সহজ গল্পে সমস্যা চিহ্নিত করতে ও সমাধান বের করতে পারবে।
- পড়ার সময় বাক্যের অর্থ প্রকাশে সাহায্যের জন্য বিরতিচিহ্ন, যেমন কমা, প্রশ্নবোধক চিহ্ন, এবং দাঁড়ি ব্যবহার করতে পারবে। যেমন, দাঁড়ি থাকলে থামতে হবে এবং আশ্চর্যবোধক চিহ্ন থাকলে বাড়তি শক্তি দিয়ে পড়তে হবে তা জানবে।
- গুরুত্বপূর্ণ ধারণাগুলো মূর্ত করার জন্য লিখবে বা ছবি আঁকবে (একটি বিষয়ে কী শিখেছে তা অন্যকে জানাবে; অভিজ্ঞতার প্রতিক্রিয়া ব্যক্ত করবে।)
- তারা যা পড়েছে তার অর্থ ব্যাখ্যা করার জন্য অনুধাবন কৌশল (অনুমান/নিশ্চিত, পুনর্পাঠ,স্ব-সংশোধন,প্রশ্ন জিজ্ঞাসা) ব্যবহার করতে পারবে।
- বিভিন্ন উদ্দেশ্যে কথা বলা এবং যোগাযোগের উদ্দেশ্যের (যেমন, কোনকিছু অবহিত করা, আনন্দ দেয়া, ইত্যাদি) ওপর নির্ভর করে ভাষা ব্যবহারে সমর্থ হবে।
- বর্ণ ও উচ্চারণের মধ্যকার সামঞ্জস্য চিহ্নিত করতে ও বলতে, ব্যঞ্জনবর্ণ ও হ্রস্বস্বর ও দীর্ঘ স্বরের স্বরবর্ণের উচ্চারণসহ, যেমন-“ম্যাট”-এর “এ” এবং “ “মেইট”-এর “এ”-এর পার্থক্য সম্পর্কে জানবে।
- ছোট বা বড় দলে বিভক্ত হয়ে কোন গল্প বা বিষয় নিয়ে আলোচনা করবে।

## বাড়িতে শেখা

এখানে উল্লিখিত কৌশলগুলো বাড়িতে পরিবারের মাতৃভাষায় এবং ইংরেজিতে প্রয়োগ করা যেতে পারে।

*আপনার সন্তান যখন কোন গল্পের বইয়ের গল্প বা টেলিভিশনের অনুষ্ঠান অভিনয় করে দেখায় তখন মনোযোগী শ্রোতায় পরিণত হোন।* বিভিন্ন চরিত্র কেমন হতে পারে এবং এর পরে তারা কী করতে পারে সে সম্পর্কে কথা বলুন।

*আপনার সন্তানের সাথে একত্রে জোরে জোরে পাঠ করুন।* শিশুদের জন্য নিউ ইয়র্ক পাবলিক লাইব্রেরির “On-Lion”-নামক সাইটে গিয়েও আপনার সন্তান অন-লাইনে ইংরেজি, ফেঞ্চ, বা স্প্যানিশ ভাষায় বই পড়া শুনতে পারে বা বই পড়তে পারে। kids.nypl.org-তে যান এবং “TumbleBooks” বাটনে ক্লিক করুন।

*আপনার দুজনে মিলে যে বই পড়েছেন তা থেকে নতুন শব্দগুলো আবিষ্কার করুন।* যখনই আপনি কোন নতুন শব্দ পাবেন আপনার সন্তানকে একটি ছোট কার্ডে বা কাগজে তা লিখে রাখতে বলুন এবং তা এমন জায়গায় রাখুন যেখান থেকে আপনারা উভয়েই তা দেখতে পান। আপনি কতবার শব্দটি ব্যবহার করতে পারছেন তা দেখুন।

*পরিবারের সদস্যদের বলুন* আপনার সন্তানকে *চিঠি লিখতে* এবং আপনার সন্তানকে চিঠির উত্তর দিতে উৎসাহিত করুন।

*প্রত্যেক সপ্তাহে আপনার সন্তানকে স্থানীয় লাইব্রেরিতে নিয়ে যান।*

# গণিত

## বাড়িতে শেখা

*প্রাত্যহিক জীবনে আপনার পরিবার কীভাবে অঙ্ককে কাজে লাগিয়ে থাকে তা নির্দেশ করুন।* যেমন আপনি যখন কোন পিৎজা বা কেক পরিবেশন করেন তখন এর টুকরোগুলো কীভাবে সম্পূর্ণের অংশ হয় সে সম্পর্কে কথা বলুন। আপনার সন্তানকে অন্যান্য উদাহরণও দেখতে উৎসাহিত করুন।

প্রতিদিন একই সময়ে আপনার বাড়ির *বাইরের তাপমাত্রা পরিমাপের জন্য থার্মোমিটার ব্যবহার করুন* বা খবরের কাগজ বা ইন্টারনেট থেকে দিনের সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা সম্পর্কে জানুন। ফল লিখে রাখুন ও এটা নিয়ে আলোচনা করুন।

*বোর্ড গেমস খেলুন*

চাইল্ড মিউজিয়াম অব দি আর্টস-এ গিয়ে *দুজনে মিলে চিত্রকলা, রং, আকৃতি ও গণিতের মধ্যকার সম্পর্ক অনুসন্ধান করুন*। তথ্য ও পথনির্দেশের জন্য cmany.org- দেখুন।

## স্কুলবছরের শেষে সকল শিক্ষার্থী সমর্থ হবে:

- এককের (১,২,৩...) এবং দশকের (১০,২০,৩০...) মাধ্যমে ১০০ পর্যন্ত গুনতে পারবে। ৫-এর নামতা (৫,১০,১৫....) এবং ২-এর নামতা (২,৪,৬...) জানবে।
- উল্টোদিকে ২০ থেকে এক (২০,১৯,১৮...) পর্যন্ত গুনতে পারবে।
- দশক ভিত্তিক গণনা সম্পর্কে প্রাথমিক ধারণা গড়ে তোলা:
  - ১০ একে = ১ দশ
  - ১০ দশে = ১শ
- একশ পর্যন্ত লিখতে পারবে
- ১০ পর্যন্ত অঙ্কের সাথে সংখ্যা যোগ করা।
- গণিতের কোন সমস্যা বা সমস্যা সমাধান প্রক্রিয়া বোঝানোর জন্য অঙ্কন বা চিত্র ব্যবহার করবে। যেমন, দেখান যে তিনটি বেলুন যোগ দুটি বেলুন যোগ একটি বেলুন সমান সমান আটটি বেলুন।
- একক সংখ্যার বিয়োগ। যেমন, ৭-৪=৩
- নিজের চারপাশের পরিবেশের জ্যামিতিক আকৃতি ও কাঠামোগুলো চিনবে। যেমন, রাস্তা নির্দেশক চিহ্নের মধ্যে ত্রিভুজ আকৃতিকে চিহ্নিত করা।
- কোন জায়গা বা জিনিসের দৈর্ঘ্য পরিমাপের জন্য আপনার সন্তানের পায়ের দৈর্ঘ্য বা পেপার ক্লিপের মতো জিনিস ব্যবহার। যেমন, কক্ষের একপ্রান্ত থেকে অন্য প্রান্তের দূরত্ব পরিমাপ করা।
- পাটিগণিতের ধরন চিহ্নিত করা এবং এ সম্পর্কে আলোচনা করা। (সংখ্যা বা বস্তু ব্যবহার করে একই ঘটনার পুনরাবৃত্তি ঘটছে এমন ধরনের অঙ্কে পরবর্তীতে কী ঘটবে )"আজকের তাপমাত্রা কেমন "-এ ধরনের প্রশ্নের জন্য তথ্য সংগ্রহ ও নথিভুক্ত করা।

# বিজ্ঞান

প্রথম গ্রেডের বিজ্ঞানে প্রাণিজগতের বৈচিত্র্য, বস্তুর ধর্ম এবং ঋতু ও আবহাওয়ার পরিবর্তন বিষয়ে অনুসন্ধান করা হয়।

## স্কুলবছরের শেষে সকল শিক্ষার্থী সমর্থ হবে:

- পানি খোলা অবস্থায় থাকলে তা থেকে বাষ্প সৃষ্টি হয় তা বুঝবে। পানি তরল থেকে বায়বীয় অবস্থায় রূপান্তরিত হয়ে বাতাসে মিশে যায় তা বুঝবে।
- একটি বস্তুর ধর্ম, যেমন রঙ, ওজন এবং কঠিনত্ব বা এটি পানিতে ভেসে থাকবে না ডুবে যাবে তা নির্ধারণ করে সেই বস্তুর উপাদানসমূহ, এটা বুঝবে।
- প্রত্যেক ঋতুতে আবহাওয়ার অবস্থা পর্যবেক্ষণ ও বর্ণনা করতে পারবে। যেমন, কেবল শীতকালেই সাধারণত বরফ পড়ে, কিন্তু বৃষ্টি যেকোন ঋতুতেই হতে পারে।
- বিভিন্ন অঞ্চলের তাপমাত্রার মধ্যে তুলনা করতে পারবে। যেমন, ঘরের এবং ঘরের বাইরের, রোদে এবং ছায়ায়।
- দিনের বেলা সূর্য কীভাবে ঘোরে তা বর্ণনা করতে পারবে। ছবি এঁকে এবং বুক বা অন্যান্য বস্তু ব্যবহার করে তা দেখাবে।
- প্রত্যেক ২৪ ঘন্টায় দিবারাত্রির একটি চক্র হয় তা জানবে।
- সূর্যের তাপ বায়ু উষ্ণ করে তা শিখবে।
- পশুপাখির বিশেষ কোন শারীরিক বৈশিষ্ট্য, যেমন, জিরাফের লম্বা গলা, কচ্ছপের কঠিন আবরণ, বা মেরু অঞ্চলের ভালুকের ভারী লোম কীভাবে তাদের টিকে থাকতে সাহায্য করে তা বর্ণনা করতে পারবে।
- জীবজন্তু কোন কোন বৈশিষ্ট্য উত্তরাধিকারসূত্রে পেয়ে থাকে, যেমন একটি প্রাণীর অঙ্গপ্রত্যঙ্গের সংখ্যা, এটা বুঝবে।
- যা পর্যবেক্ষণ করে তা মুখে বলতে ও লিখে প্রকাশ করতে পারবে।

## বাড়িতে শেখা

***"এটি ভেসে থাকবে কিনা"***-খেলাটি আপনার সন্তানের সাথে খেলুন। ছোট জলনিরোধক বস্তু সংগ্রহ করুন যেমন, টেনিস বল, বিল্ডিং বুক, পেন্সিল এবং মার্বেল। আপনার সন্তানকে এর প্রতিটি পরীক্ষা করে অনুমান করতে বলুন এটি ডুববে না ভাসবে। পানি ভর্তি কোন পাত্র বা সিংকে অনুমান সঠিক কিনা তা পরীক্ষা করুন।

***আপনার পরিবারের কোন নবজাতক শিশুর বা পোষা প্রাণীর ছবি সংগ্রহ করুন।*** সময়ে সময়ে একসাথে করে ছবিগুলো দেখুন এবং কোন ধরনের পরিবর্তন সম্পর্কে আপনার সন্তানকে কথা বলতে বলুন।

সেন্ট্রাল পার্ক চিড়িয়াখানার ***টিশ্ চিলড্রেন জু দেখতে যান*** বা (nyzoosandaquarium.com)- ঠিকানায় নিউ ইয়র্ক সিটির চিড়িয়াখানাগুলোর ছবি দেখুন। অন্য পরিবেশ থেকে আসা প্রাণীরা এই জলবায়ুতে বেঁচে থাকার জন্য তাদের প্রয়োজনীয় উপকরণগুলো যাতে পায় তা চিড়িয়াখানাগুলো কীভাবে নিশ্চিত করে সে সম্পর্কে কথা বলা।

আপনি ও আপনার সন্তান মিলে যে বৈজ্ঞানিক অনুসন্ধান করেছেন সে সম্পর্কে আপনার পরিবারকে জানাতে ***আপনার সন্তানকে উৎসাহিত করুন।*** তথ্য লিখতে ও সাজাতে, ছবি বা ফটো তৈরি করতে আপনার সন্তানকে সাহায্য করুন এবং আপনার পরিবারের সদস্যদের সাথে তার পর্যবেক্ষণ সম্পর্কে আলোচনা করুন।

## *বাড়িতে শেখা*

***পরিবারের ইতিহাস সংরক্ষণের একটি জায়গা ঠিক করুন।*** আপনার সন্তানকে ফটো, সংবাদপত্রের কাটিং, চিঠি, মানচিত্র, এবং অন্যান্য উপকরণ সংগ্রহ করতে সাহায্য করুন। আপনার পরিবার সম্পর্কে তথ্য অন্তর্ভুক্ত করুন, যেমন আপনার পরিবারের অন্যান্য সদস্য এখন কোথায় বসবাস করছেন।

***পানওয়াপা*** www.panwapa.com ***দেখুন।*** এটি ৪-৭ বছর বয়সী ছেলেমেয়েদের সিসেমি ওয়ার্কশপের একটি ইন্টারঅ্যাক্টিভ বিশ্ব কম্যুনিটি। এখানে কিছু 'মাপেট' চরিত্র দেখানো হয় যারা শিশুদের নিজেদের জগৎ ও সমাজের নাগরিক হতে সাহায্য করে।

***অন্যকোন দেশের একটি সহজ ঐতিহ্যবাহী খাদ্য রান্নার প্রণালি আপনাকে বেছে নিতে ও তৈরি করতে আপনার সন্তানকে সাহায্য করতে দিন,*** যেমন, কিউবার 'পিকাডিলো'(গরুর মাংস ও জলপাই), পোর্টো রিকোর 'মফোনগোস'(কাঁচকলার বড়া) বা 'অ্যারোজ কন হাবিকুলাস' (ভাত ও শিম), বা রাশিয়ার 'পেরোগি'(ডাম্পলিং)

***নিউ ইয়র্ক সিটির অনেকগুলো ঐতিহাসিক সমাজ, জাদুঘর এবং শিশুদের জাদুঘরের*** মধ্যে কোন একটি প্রতি মাসে পরিদর্শন করা।

# সমাজপাঠ

প্রথম গ্রেডের সমাজপাঠে শিক্ষার্থীরা নিজেদের পরিবারসহ এখনকার ও বহুবছর আগের পরিবার সম্পর্কে ধারণা অনুসন্ধান করে।

## *স্কুলবছরের শেষে সকল শিক্ষার্থী সমর্থ হবে:*

- পরিবারগুলোর নিজস্ব ইতিহাস রয়েছে।
- অর্থের কাজ ( মানুষ কীভাবে অর্থ সম্পর্কে সিদ্ধান্ত নেয়) এবং কীভাবে তা আমাদের চাহিদা ও অভাব পূরণে ব্যবহৃত হয় সে সম্পর্কে জানবে।
- জানবে সরকারই আইন তৈরি করে এবং তা পরিবর্তন করে।
- লিখিতভাবে বা আলোচনার মাধ্যমে সমাজপাঠের কোন বিষয় সম্পর্কে তথ্য আদান-প্রদান করবে।
- ইতিহাস,ভূগোল, এবং বিখ্যাত ব্যক্তিদের সম্পর্কে কল্পকাহিনি ও মননশীল বই পড়বে ও শুনবে।
- নিজেদের কম্যুনিটির ইতিহাসের গুরুত্বপূর্ণ ব্যক্তি ও ঘটনা সম্পর্কে জানবে।
- বিভিন্ন সাংস্কৃতিক ঐতিহ্য উপস্থাপন করে এমন চিত্র বা নকশা অঙ্কন, যেমন, পারিবারিক ছুটির দিন উদযাপন।
- নিজেদের পরিবারের ইতিহাস অনুসন্ধান ও চিহ্নিত করা। যেমন পিতা/মাতা বা দাদা-দাদি, চাচা-চাচি কেন ও কীভাবে প্রথম নিউ ইয়র্কে আসেন।
- পরিচিত স্থান বা এলাকার সহজ মানচিত্র অঙ্কন (শোবারঘর, শ্রেণিকক্ষ, স্কুল এবং মহল্লা) ডেস্ক,বইয়ের তাক,এবং অন্যান্য জিনিস কোথায় রয়েছে তা দেখানো।
- আমেরিকার পতাকা যে যুক্তরাষ্ট্রের একটি প্রতীক তা বুঝবে।
- নিজেদের শ্রেণিকক্ষ, স্কুল এবং কম্যুনিটির জন্য নিয়মকানুন প্রতিষ্ঠা করতে ও মেনে চলতে সাহায্য করবে।

# আরও অপরিহার্য জ্ঞান ও দক্ষতা

*আমাদের প্রথম গ্রেডের শিক্ষার্থীরা পড়া, লেখা, অঙ্ক করা এবং বিজ্ঞান ও সমাজপাঠের মূল ধারণাগুলো বুঝতে পারার বাইরেও আরও অনেক বেশি শিখছে।*

- ***শিল্পকলা:*** শিক্ষার্থীরা দৃশ্যকলা, নৃত্য, সঙ্গীত, এবং থিয়েটারে অংশগ্রহণ করে। তারা সাধারণ বাদ্যযন্ত্রের মাধ্যমে সাধারণ গান গাইতে ও সুর অনুসন্ধান করতে শেখে। সৃষ্টিশীল অঙ্গাসঞ্চালনের মাধ্যমে তারা নকশা ও আকৃতির অনুসন্ধান করে; বিভিন্ন হাতিয়ার ও উপকরণ ব্যবহার করে দৃষ্টিনির্ভর শিল্প সৃষ্টি করে; নাটকীয় নাট্য দৃশ্য, গল্প এবং পাপেটের মাধ্যমে নিজেদেরকে প্রকাশ করে। আরও বিশদ জানতে দেখুন: www.nyc.gov/schools/languages/bengali/academics
- ***শারীরিক পটুতা ও স্বাস্থ্য:*** দৈহিকভাবে কর্মঠ থাকা, স্বাস্থ্যকর জীবনধারা তৈরি করা এবং বিভিন্ন ধরনের প্রথাগত ও অপ্রথাগত শারীরিক পটুতা বিষয়ক কার্যক্রমের জন্য শিক্ষার্থীরা সুযোগ লাভ করে। আরও বিশদ জানতে দেখুন: www.nyc.gov/schools/languages/bengali/academics
- ***লাইব্রেরি এবং গবেষণা:*** শিক্ষার্থীরা পঠন এবং গবেষণার দক্ষতা অর্জন করছে। এ বছরের শেষ নাগাদ তারা কোন বিষয় সম্পর্কে কী জানে তা বলতে পারবে; সত্য ঘটনা বুঝতে পারবে; প্রশ্নের উত্তর দিতে তথ্য অনুসন্ধানে সক্ষম হবে; গল্পের মূল বিষয় উদ্ঘাটন করতে পারবে; এবং কল্পকাহিনি ও মননশীল বই পড়া উপভোগ করবে। আরও বিশদ জানতে দেখুন: www.nyc.gov/schools/languages/bengali/academics
- ***প্রযুক্তি:*** প্রথম গ্রেডের শিক্ষার্থীরা ওয়ার্ড প্রসেসরসহ বিভিন্ন উপকরণ ব্যবহার করে নিজেদের লেখা সম্পাদনা, স্থানান্তর ও সংরক্ষণ করার কৌশল নিয়ে পরীক্ষা-নিরীক্ষা চালায়। শিক্ষার্থীরা বিভিন্ন মিডিয়া ফরমেট (যেমন, টেক্সট, ক্লিপ আর্ট ও নিউজলেটার) শেখে এবং সহপাঠীদের সাথে যোগাযোগ ও ধারণা বিনিময় করার জন্য এসব ব্যবহার করে। শিক্ষকরা ওয়েব রিসোর্সের নিরাপদ ও গ্রহণযোগ্য ব্যবহার অব্যাহতভাবে শিক্ষা দেন। আরও বিশদ জানতে দেখুন: www.nyc.gov/schools/languages/bengali/academics

## আরও জানুন

এই নির্দেশিকা আপনার সন্তান এই বছর যেসব আদর্শ মান শিখবে সেগুলো সম্পর্কে একটি সাধারণ ধারণা দেয় মাত্র। আপনি কে থেকে ৮ সকল গ্রেডের জন্য এই নির্দেশিকা এবং সকল বিষয় ও সকল গ্রেডের মান সম্পর্কিত পূর্ণাঙ্গ তথ্য আমাদের www.nyc.gov/schools/languages/bengali/academics ওয়েবসাইটে দেখতে ও ডাউনলোড করতে পারবেন।

আপনার সন্তানের শিক্ষা এবং আপনি কীভাবে বাড়িতে এবং স্কুলে উভয় স্থানেই এতে সহায়তা করতে পারেন সে-ব্যাপারে ডিভিশন অব টিচিং অ্যান্ড লার্নিং ও ফ্যামিলি এনগেজমেন্ট অ্যান্ড অ্যাডভোকেসি অফিস আরও নানা ধরনের পরামর্শ দিয়ে থাকে। আরও তথ্যের জন্য টিচিং অ্যান্ড লার্নিং এর ওয়েবসাইট www.nyc.gov/schools/languages/bengali/academics, এবং ওফিয়া ওয়েবসাইট www.nyc.gov/schools/languages/bengali/ofea দেখুন। আপনি আপনার স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরকে অথবা ওফিয়াকে (212) 374-2323 নম্বরে ফোন অথবা ofea@schools.nyc.gov. ঠিকানায় ই-মেইলে যোগাযোগ করতে পারেন। এছাড়া, আপনি 311 – এ ফোন করে আপনার সন্তানকে নিয়ে যাওয়ার মত সিটির অন্যান্য সাংস্কৃতিক এবং ঐতিহাসিক সংস্থার সন্ধানও নিতে পারেন।

NYC Department of Education
Joel I. Klein, Chancellor

DIAL 311

T&I-7924 1st (Bengali)